শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
ইউপি-১ শাখা
www.lgd.gov.bd

স্মারক নং-৪৬.০০.০০০০.০১৭.৯৯.০০৭.১৫ (অংশ-৭) / ২৬১

তারিখ : ০২ ফাল্গুন, ১৪২৮
১৫ ফেব্রুয়ারি, ২০২২

বিষয় : কুমিল্লা জেলার মেঘনা উপজেলার রাধানগর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান জনাব মজিবর রহমান এর বিরুদ্ধে অভিযোগ সংক্রান্ত।

সূত্র: জনাব আ: বাতেন, পিতা মৃত: ইদ্রিছ আলী, গ্রাম মুগারচর, রাধানগর ইউনিয়ন, মেঘনা, কুমিল্লা এর আবেদন, তারিখ: ০৮/১২/২০২১ খ্রি.।

উপর্যুক্ত বিষয়ে জনাব আ: বাতেন, পিতা মৃত: ইদ্রিছ আলী, গ্রাম মুগারচর, রাধানগর ইউনিয়ন, মেঘনা, কুমিল্লা এর আবেদনটি (সংযুক্তিসহ) এতদসঙ্গে প্রেরণ করা হলো। উক্ত আবেদনের বিষয়ে তদন্তপূর্বক মতামতসহ প্রতিবেদন প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১৫/২/২২

(মো: আকবর হোসেন)
উপসচিব
ফোন: ০২-২২৩৩৫৩৩৯৪
Email : lgup1@lgd.gov.bd

জেলা প্রশাসক
কুমিল্লা।

অনুলিপি: (জ্ঞাতার্থে/কার্যার্থে)।

১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সিনিয়র সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৪। অতিরিক্ত সচিব (ইউপি) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। জনাব আ: বাতেন, পিতা মৃত: ইদ্রিস আলী, গ্রাম মুগারচর, রাধানগর ইউনিয়ন, মেঘনা, কুমিল্লা।
৬। অফিস কপি।

বরাবর
সচিব মহোদয়
স্থানীয় সরকার,পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রনালয় (স্থানীয় সরকার বিভাগ)
বাংলাদেশ সচিবালয়, রমনা, ঢাকা।

বিষয়: জেলাঃ কুমিল্লা, উপজেলা/থানা-মেঘনা অধীন রাধানগর ইউনিয়ন পরিষদের নব-নির্বাচিত চেয়ারম্যান-জনাব মজিবর রহমান-কে চেয়ারম্যান পদে থাকিবার অযোগ্য ঘোষনা করিয়া তাহাকে উক্ত পদ হইতে অপসারণ পূর্বক উক্ত রাধানগর ইউনিয়নের চেয়ারম্যান পদটি শূণ্য ঘোষনার আবেদন।

জনাব,
যথারীতি সম্মান প্রদর্শনে উপরোক্ত বিষয়ে আপনার সদয় দৃষ্টি আকর্ষণপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য বিনীতভাবে নিবেদন এই যে;

১. আমি নিম্নস্বাক্ষরকারী-আঃ বাতেন, পিতাঃ মৃত ইদ্রিছ আলী, গ্রামঃ মুগারচর, উপজেলা/থানাঃ মেঘনা, জেলাঃ কুমিল্লাস্থ রাধানগর ইউনিয়নের বর্তমান চেয়ারম্যান। আমি ইংরেজী ২০১১ সনের ইউনিয়ন পরিষদ নির্বাচনে 'তালা' প্রতীকে এবং তৎপরবর্তী ২০১৬ সনের নির্বাচনে 'নৌকা' প্রতীকে নির্বাচন করিয়া সর্বোচ্চ সংখ্যক ভোট প্রাপ্ত হইয়া সুদীর্ঘ ১০ বৎসর যাবৎ রাধানগর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান হিসাবে অত্যন্ত সততা, নিষ্ঠা ও দক্ষতার সহিত স্বীয় দায়িত্ব পালন করিয়া আসিতেছি।

২. ইতিমধ্যে রাধানগর ইউনিয়ন পরিষদ নির্বাচন,২০২১ এর তফসিল ঘোষনা করিলে আমি বাংলাদেশ আওয়ামী লীগ কর্তৃক প্রদত্ত 'নৌকা' প্রতীক প্রাপ্ত হইয়া উক্ত নির্বাচনে চেয়ারম্যান পদে মনোনয়নপত্র দাখিল করিলে উহা যথাযথভাবে বৈধ ঘোষিত হয় এবং আমি 'নৌকা' প্রতীকে উক্ত ইউনিয়ন পরিষদ নির্বাচনে চেয়ারম্যান পদে প্রতিদ্বন্ধিতা করিতে থাকি। ইহাছাড়াও, উক্ত ইউনিয়নের চেয়ারম্যান পদে স্বতন্ত্র প্রার্থী জনাব মজিবর রহমান 'আনারস' প্রতীক; জনাব মোঃ আনিছ মিয়া 'ঘোড়া' প্রতীক এবং জনাব 'মোঃ আহছান উল্লা' হাত পাখা প্রতীক প্রাপ্ত হইয়া উক্ত নির্বাচনে চেয়ারম্যান পদে প্রতিদ্বন্ধিতা করিয়া আসিতে থাকেন।

৩. অতঃপর উক্ত রাধানগর ইউনিয়নের বিগত ১১/১১/২০২১ইং তারিখে অনুষ্ঠিত নির্বাচনে স্বতন্ত্র প্রার্থী জনাব মজিবর রহমান একচ্ছত্রভাবে প্রভাব বিস্তার করিলে ব্যাপক অনিয়ম ও কারচুপির মাধ্যমে উক্ত নির্বাচন অনুষ্ঠিত হয়। অতঃপর সংশ্লিষ্ট রিটার্নিং কর্মকর্তা বিগত ১১/১১/২০২১ইং তারিখে উক্ত রাধানগর ইউনিয়ন পরিষদ নির্বাচনের ফলাফল প্রকাশ করিয়া উহার বিবরনীতে স্বতন্ত্র প্রার্থী-জনাব মজিবর রহমান সর্বোচ্চ সংখ্যাক ৫৩৪৬ ভোট প্রাপ্ত হইয়াছেন মর্মে উল্লেখ করিয়া তাহাকে বিজয়ী ঘোষনা করেন এবং একই ফলাফল বিবরনীতে আমাকে ২৮৫৭ ভোট প্রাপ্ত হইয়া দ্বিতীয়স্থানে; হাতপাখা প্রতীকের জনাব মোঃ আহছানউল্লা ৭১ ভোট প্রাপ্ত হইয়া তৃতীয়স্থানে এবং ঘোড়া প্রতীকের জনাব মোঃ আনিছ মিয়া ২০ ভোট প্রাপ্ত হইয়া চর্তুথস্থান অধিকার করিয়াছেন মর্মে উল্লেখ করেন।

৫.পরবর্তীতে, উক্ত একই ফলাফলটি গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সংশ্লিষ্ট বাংলাদেশ নির্বাচন কমিশন কর্তৃক বিগত ২৪/১১/২০২১ ইং তারিখে প্রকাশিত অতিরিক্ত সংখ্যার গেজেটে জেলাঃ কুমিল্লা, উপজেলা-মেঘনা অধীন রাধানগর ইউনিয়ন পরিষদের নব-নির্বাচিত চেয়াম্যান হিসাবে আনারস প্রতীকের স্বতন্ত্র প্রার্থী-জনাব মজিবর রহমান-কে চেয়ারম্যান হিসাবে বিজয়ী ঘোষনা করা হয়। উক্ত প্রকাশিত গেজেটের আলোকে নব-নির্বাচিত চেয়ারম্যান এর শপথ অনুষ্ঠানটি অদ্যাবধি অনুষ্ঠিত হয় নাই।

৬. উক্ত গেজেটের উল্লেখিত নব-নির্বাচিত চেয়ারম্যান জনাব মজিবর রহমান কুমিল্লা জেলার একজন ঠিকাদার এবং মেসার্স মনিয়া এন্টার প্রাইজ নামীয় ঠিকাদারী প্রতিষ্ঠানটির একক স্বত্বাধিকারী। তিনি উক্ত প্রতিষ্ঠানটির মাধ্যমে ঠিকাদার হিসাবে সংশ্লিষ্ট মেঘনা উপজেলার অধীনস্থ রাধানগর ইউনিয়ন পরিষদের বিভিন্ন কার্য সম্পাদন করিয়া আসিতেছেন এবং ইতিমধ্যে উক্ত কার্য সম্পাদনের বিল এর টাকা প্রাপ্ত হইয়া স্মারক নং-৫১.০১.১৯৭৫.০০০.০০.২০/১৩৩, তারিখঃ ১৬/০৯/২০২০ইং মূলে উহার ভ্যাট ও আয়করের টাকা

ডাইরী নং ৬২৬৫৫ তারিখঃ ১২/১২
প্রয়োজনীয় কার্যার্থে/জ্ঞাতার্থে প্রেরিত হইল
ইপ.............১/২ শাখা
প্রশাসন-১/২ শাখা
অতিরিক্ত সচিব (ইপ)
স্থানীয় সরকার বিভাগ

আঃ বাতেন
৫/১২/২০২১ইং

চলমান পাতা-০২

স্থানীয় সরকার বিভাগ
প্রাপ্তির তারিখ ৭/১২/২১
নম্বর ২০৭৪

সংশ্লিষ্ট দপ্তরে জমা প্রদান করিয়াছেন। ইহাছাড়াও, উক্ত নব-নির্বাচিত চেয়ারম্যান-মজিবর রহমান বিজ্ঞ স্পেসাল ট্রাইব্যুনাল নং-৬, কুমিল্লা কর্তৃক স্পেসাল ট্রাইব্যুনাল-৫৮/২০০৩ নং মামলায় বিগত ৩১/০৮/২০০৬ইং তারিখে প্রদত্ত রায়ে অস্ত্র আইনের ১৯এ/১৯(এফ) ধারায় ১০ বৎসরের সাজা প্রাপ্ত একজন আসামী বটে। উক্ত রায়ের বিরুদ্ধে তিনি মহামান্য হাইকোর্ট বিভাগে ক্রিমিনাল আপীল নং-৪৩৫৯/২০০৬ দায়ের করিয়া জামিন প্রাপ্ত হইলেও বর্তমানে উহার মেয়াদ বর্ধিত না করায় সংশ্লিষ্ট আইনের অধীনে তিনি একজন পলাতক ও ফেরারী আসামীও বটে। উপরোক্ত অবস্থা ও কারনাধীনে, সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ আইনের অধীনে উক্ত নব-নির্বাচিত চেয়ারম্যান মজিবর রহমান রাধানগর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান নির্বাচিত হওয়ার কিংবা থাকিবার অযোগ্য ব্যক্তি। উক্ত মজিবর রহমান তাহার দাখিলীয় মনোনয়নপত্রে ইচ্ছাকৃতভাবে উপরোক্ত তথ্য সমূহ গোপন করিয়া মিথ্যা তথ্য প্রদানে তাহার মনোনয়পত্র দাখিল করিয়াছেন যাহা পরবর্তীতে অন্যায় ও অবৈধভাবে বৈধ ঘোষিত হইয়াছে। নব-নির্বাচিত চেয়ারম্যান-মজিবর রহমান সংশ্লিষ্ট আইনের অধীনে রাধানগর ইউনিয়ন পরিষদ নির্বাচনের চেয়ারম্যান পদে নির্বাচন করার কিংবা নির্বাচিত হওয়ার জন্য অযোগ্য বিধায় তাহার মনোনয়নপত্র, উহা বৈধ ঘোষিত হওয়া, তাহার নির্বাচন এবং নির্বাচিত হওয়ায় সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ আইনের অধীন শুরু হইতে অবৈধ, বেআইনী ও বাতিল বটে।

৭. উক্ত নব-নির্বাচিত চেয়ারম্যান মজিবর রহমান উক্ত রাধানগর ইউনিয়নের পরিষদের কাজ সম্পাদনের একজন ঠিকাদার এবং উপরোক্ত মামলায় ১০ বৎসরের সাজাপ্রাপ্ত আসামী হওয়ায় সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ আইনের অধীনে সংশ্লিষ্ট রাধানগর ইউনিয়ন পরিষদ নির্বাচনে নব-নির্বাচিত চেয়ারম্যান জনাব মজিবর রহমানের চেয়ারম্যান পদে নির্বাচন করার কিংবা চেয়াম্যান হিসাবে নির্বাচিত হওয়ার আইনতঃ কোন অধিকার বিদ্যমান নাই বিধায় রাধানগর ইউনিয়ন পরিষদের নব-নির্বাচিত চেয়ারম্যান জনাব মজিবর রহমান-কে উক্ত ইউনিয়নের চেয়ারম্যান পদে থাকিবার অযোগ্য ঘোষনা করিয়া উক্ত পদ হইতে তাহাকে অপসারণ পূর্বক চেয়ারম্যান পদটি শূণ্য ঘোষনা করা আবশ্যক। অন্যথায়, সংশ্লিষ্ট ইউনিয়নের জনসাধারনের অপূরণীয় ক্ষতি হইবে।

অতএব, জেলাঃ কুমিল্লা, উপজেলা/থানা-মেঘনা অধীন রাধানগর ইউনিয়ন পরিষদের নব-নির্বাচিত চেয়ারম্যান-জনাব মজিবর রহমান-কে চেয়ারম্যান পদে থাকিবার অযোগ্য ঘোষনা করিয়া তাহাকে উক্ত পদ হইতে অপসারণ পূর্বক উক্ত রাধানগর ইউনিয়নের চেয়ারম্যান পদটি শূণ্য ঘোষনা করিতে মহোদয়ের মর্জি হয়।

বিনয়াবনত;

(আঃ বাতেন)
পিতাঃ মৃত ইদ্রিছ আলী,
গ্রামঃ মুগারচর, উপজেলাঃ মেঘনা,
জেলাঃ কুমিল্লা

সংযুক্তিঃ

১। বিগত ১১/১১/২০২১ইং তারিখের অনুষ্ঠিত কথিত নির্বাচনের প্রকাশিত ফলাফলের কপি।
২। বিগত ২৪/১১/২০২১ইং তারিখে প্রকাশিত গেজেটের কপি।
৩। স্বতন্ত্র প্রার্থী মজিবুর রহমান এর ঠিকাদার লাইসেন্স ও বিলের কপি।
৪। বিজ্ঞ স্পেসাল ট্রাইব্যুনাল নং-৬, কুমিল্লা কর্তৃক প্রদত্ত বিগত ৩১/০৮/২০০৬ইং তারিখের রায়ের কপি।
৫। মহামান্য হাইকোর্ট বিভাগে চলমান ক্রিমিনাল-৪৩৫৯/২০১৬ নং মামলার আদেশের কপি।